ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

www.bb.org.bd

এফআইডি সার্কুলার লেটার নং ঃ ০১/২০১৬

তারিখ ঃ ২০ জানুয়ারি ২০১৬ / ৭ মাঘ ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবি ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কীম।

শিরোনামোক্ত বিষয়ে ১৪ মে ২০১৪ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং ঃ ০১/২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সার্কুলারে বর্ণিত পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমকে গতিশীল করার নিমিত্তে নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছেঃ

১) পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় কৃষি ঋণ নীতিমালায় বর্ণিত কৃষিখাতসমূহে ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে সরাসরি ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংক তার নিজস্ব বিবেচনায় সমুদয় ঋণ আদায়ের জন্য একটি বা একাধিক কিস্তি নির্ধারণ করতে পারবে।

২) পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় এককভাবে সর্বোচ্চ ৫০ হাজার টাকা ঋণ প্রদানের ক্ষেত্রে সিআইবি রিপোর্ট গ্রহণের আবশ্যকতা নেই। তবে খেলাপী ঋণ গ্রহীতার অনুকূলে ঋণ সুবিধা প্রদান না করার বিষয়টি ব্যাংকগুলোকে নিশ্চিত করতে হবে।

সার্কুলারে বর্ণিত অপরাপর নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(নূরুন নাহার)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩৪৩